

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর অধীনস্থ রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত ০৯ (নয়)টি ক্যাটাগরির মোট ৪০ (চল্লিশ)টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (<http://birtan.teletalk.com.bd>) ওয়েবসাইটে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্র. নং	পদের নাম এবং জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	নির্বাহী পরিচালকের ব্যক্তিগত সহকারী ১১৩০০-২৭৩০০/- গ্রেড-১২	১ (এক)	(ক) ম্নাতক (সম্মান) ডিগ্রিসহ অফিস ব্যবস্থাপনা কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা (খ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারেন।
২.	পরিসংখ্যান সহকারী ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	(দুই)	গনিত বা পরিসংখ্যান বিষয়ে ম্নাতক (সম্মান) ডিগ্রিসহ কম্পিউটার প্রোগ্রামিং এর অভিজ্ঞতা।	
৩.	প্রস্থাপার সহকারী ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	২ (দুই)	(ক) ম্নাতক (সম্মান) ডিগ্রিসহ প্রস্থাপার বিজ্ঞানে ডিপ্লোমা; অথবা (খ) ম্নাতক (সম্মান) ডিগ্রিসহ লাইসেন্সের কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা।	
৪.	হিসাব রক্ষক ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	৪ (চার)	বাণিজ্যে ম্নাতক (সম্মান) ডিগ্রি।	
৫.	ফটোগ্রাফার ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	১ (এক)	ম্নাতক (সম্মান) ডিগ্রিসহ আর্ট ও ফটোগ্রাফিতে অভিজ্ঞতা।	
৬.	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১ (এক)	সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।	
৭.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	৬ (ছয়)	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে; যথা:- (অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং (আ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।	
৮.	ল্যাব সহকারী ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১২ (বারো)	বিজ্ঞানে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট।	
৯.	মাঠ সহকারী ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১১ (এগারো)	বিজ্ঞানে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট।	

০১। আবেদনকারীর বয়স ৩০/০৯/২০২২খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০২। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। সরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৪। প্রার্থীর যোগ্যতা যাচাই: মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত ক্রেমিক নং ক হতে ঋ পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ)।

খ. প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরমেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

ঘ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

ঙ. জাতীয় পরিচয়পত্র (NID) /জন্ম সনদের সত্যায়িত ফটোকপি

চ. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicants Copy) ও (Admit Card)

ছ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদ এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

জ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, কুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ঝ. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০৫। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

০৬। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বচ্ছলমজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৭। সরকারি নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।